

# ডাকসু নির্বাচনের তফসিল ২৯ জুলাই, নির্বাচন সেপ্টেম্বরে

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনের

তফসিল আগামী ২৯ জুলাই এবং সেপ্টেম্বরের প্রথমার্ধে নির্বাচন

অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে ডাকসু নির্বাচন কমিশন।

রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী

সিনেট ভবনে রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক ড. গোলাম রক্তান্তী

নির্বাচন-সংক্রান্ত তথ্য তুলে ধরেন।

## শুন



বৃষ্টিতে বিপর্যস্ত দক্ষিণ কোরিয়া, ভূমিধসে নিহত ১৪

তিনি জানান, ভোটকেন্দ্র প্রথমবারের মতো হলের বাইরে স্থাপনের

সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। বিশ্ববিদ্যালয়ের ৬টি নিরপেক্ষ

স্থানে ভোটকেন্দ্র স্থাপন করা হবে।

ডাকসু নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী ভোটকেন্দ্রগুলো হলো-

১. কার্জন হল কেন্দ্র (পরীক্ষার হল) : এখানে ড. মুহম্মদ শহীদুল্লাহ

হল, অমর একুশে হল এবং ফজলুল হক হলের শিক্ষার্থীরা ভোট দিতে পারবেন।

২. শারীরিক শিক্ষা কেন্দ্র : জগন্নাথ হল, শহীদ সার্জেন্ট জগুরুল

হক হল এবং সলিমুল্লাহ মুসলিম হলের শিক্ষার্থীরা ভোট দিতে পারবেন।

৩. ছাত্র-শিক্ষক কেন্দ্র : রোকেয়া হল, শামসুন নাহার হল এবং

কবি সুফিয়া কামাল হলের শিক্ষার্থীরা এখানে ভোট দেবেন।

যু



এবার এলাকায় মেহমান আসলে অন্যভাবে আপ্যায়ন

করবেন : কামরুল হুদা

৪. ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব কেন্দ্র : বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল

এবং শেখ ফজিলাতুর্রেসা মুজিব হলের শিক্ষার্থীরা এখানে ভোট দেবেন।

৫. সিনেট ভবন কেন্দ্র (এলামনাই ফ্লোর, সেমিনার কক্ষ, ডাইনিং

রুম) : স্যার এ এফ রহমান হল, হাজী মুহম্মদ মহসীন হল এবং  
বিজয় একাডেমি হলের শিক্ষার্থীরা ভোট দেবেন।

৬. উদয়ন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র : সূর্য সেন হল, মুক্তিযোদ্ধা

জিয়াউর রহমান হল, শেখ মুজিবুর রহমান হল এবং কবি

জসীমউদ্দীন হলের শিক্ষার্থীরা এখানে ভোট দেবেন।